দৈনিক ইনকিলাব

তারিখ ... OCT 23 1999
পৃষ্ঠা ... কলাম ...

16

## বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন কোর্সে ভর্তির বয়স প্রসঙ্গে

সম্প্রতি বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে এমডি, এম এস ও এফসিপিএস ১ম পর্বে ভর্তির জন্য প্রকাশিত আবেদনপত্রে সরকারী ডাক্তারদের সর্বোচ্চ বয়সসীমা ৪০ বছর করা হয়েছে। অথচ এসব কোর্সে ইতিপূর্বে সব সময় সর্বোচ্চ বয়সসীমা ছিল ৪৫ বছর। এখন তা ৫ বছর কমিয়ে দেয়ায় অসংখ্য সরকারী ডাক্তার শুধু বয়সের কারণে উচ্চ শিক্ষার সুযোগ থেকে চিরতরে বঞ্চিত হবে। তাই মানবিক কারণে এই বয়সসীমা আবার ৪৫ বছর করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আকুল আবেদন জানাচ্ছি। সেই সাথে এই আবেদনও করছি যেন, আগামী ৩১ অক্টোবর ১৯৯৯-এর (আবেদনপত্র জমা দেবার শেষ তারিখ) মধ্যে আমাদের আবেদনপত্র গ্রহণ করা হয়।

—চল্লিশোর্ধ ও ৪৫ অনূর্ধ্ব সরকারী ডাক্তারবৃন্দ।